তারিখ 10 FEB 2009
পৃষ্ঠা ... কলাম ... ৪

প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগ

# মৌখিক পরীক্ষা ২৮ ফেব্রুয়ারির মধ্যে সম্পন্ন করতে হবে

প্রথম আলো ডেস্ক ●

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগে লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মৌখিক পরীক্ষা আগামী ২৮ ফেব্রুয়ারির মধ্যে সম্পন্ন করতে হবে। লিখিত পরীক্ষার ফল ১৯ জানুয়ারি প্রকাশ করা হয়। গতকাল সোমবার সরকারি এক তথ্য বিবরণীতে এ কথা বলা হয়।

তথ্য বিবরণীতে বলা হয়, শিক্ষক নিয়োগে দুর্নীতি বা স্বজনপ্রীতির কোনো সুযোগ নেই। ঐ নিয়োগ কার্যক্রম সম্পূর্ণ স্বচ্ছ।

সহকারী শিক্ষক নিয়োগের জন্য কেউ টাকা-পয়সা দাবি করলে তা প্রাথমিক ও শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালককে লিখিতভাবে ৮০১৬৪৯৯ নম্বর ফ্যাক্সে বা ৮০৫৭৮৭৭ নম্বর টেলিফোনে অথবা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিবকে লিখিতভাবে ৭১৬৮৮৭১ নম্বর ফ্যাক্সে বা ৭১৬২৪৮৪ নম্বর টেলিফোনে জানানোর জন্য অনুরোধ করা হয়েছে। এ বিষয়ে প্রাপ্ত সব অভিযোগ তদন্তক্রমে সরকার দায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেবে।

মোট ১০ নম্বরের মৌখিক পরীক্ষার বিভাজনে প্রকাশ ক্ষমতায়-৩, ব্যক্তিত্বে-৩ এবং সাধারণ জ্ঞানে ৪ নির্ধারিত রয়েছে। মৌখিক পরীক্ষায় পাস বা ফেল এরূপ কিছু নেই।

মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর লিখিত পরীক্ষার প্রাপ্ত নম্বরের সঙ্গে যোগ করে মেধাতালিকা প্রণয়ন করা হবে। এরপর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ বিধিমালা, ১৯৯১-এর নির্ধারিত কোটা বণ্টন-সাপেক্ষে উপজেলাভিত্তিক শূন্যপদের ভিত্তিতে সংশ্লিষ্ট উপজেলা বা এর পার্শ্ববর্তী উপজেলা বা জেলার উত্তীর্ণ প্রার্থীদের মধ্য থেকে সহকারী শিক্ষক পদে নিয়োগ দেওয়া হবে।